

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২০.০০৭৭.২১.১৯০

বিষয়: জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর এর অনুকূলে কম্পিউটার ও আনুষঙ্গিক কোডে অর্থ বরাদ্দ প্রদান।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর এর স্মারক নং-০৫.৪২.১৩০০.০১৫.০৩.০১২.২৫.৭৪৩; তারিখ: ২৫-০৫-২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে চলতি ২০২৪-২৫ অর্থবছরে জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর এর ডেক্সটপ, মনিটর, প্রিন্টার ও স্ক্যানার ক্রয়ের ব্যয় নির্বাহের নিমিত্ত “১৪৬০৪০১-জেলা ভূমি প্রশাসন কার্যালয়সমূহ” প্রাতিষ্ঠানিক কোডভুক্ত “৪১১২-যন্ত্রপাতি ও সরঞ্জামাদি” খাতের অধীন “৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক” উপখাত হতে নিম্নবর্ণিত ‘ছক’ মোতাবেক উক্ত জেলা প্রশাসকের কার্যালয়ের এস. এ শাখার অনুকূলে বরাদ্দ/ব্যয়ের মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে জারি করা হলো।

কম্পিউটার ও আনুষঙ্গিক খাতে বরাদ্দ

| বিভাগ | কার্যালয়ের নাম | ডেক্সটপ | মনিটর | প্রিন্টার | স্ক্যানার | বরাদ্দের পরিমাণ |
|---|-----------------------------------|---------|-------|-----------|-----------|-----------------|
| চট্টগ্রাম | জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর | ০১ টি | ০১ টি | ০১ টি | ০১ টি | ১,৪০,২০০/- |
| সর্বমোট (কথায়): (এক লক্ষ চল্লিশ হাজার একশত) টাকা | | | | | | ১,৪০,২০০/- |

শর্তাবলি:

ক. এ সংশ্লিষ্ট প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা অবশ্যই প্রতিপালন করতে হবে এবং সরকারি নির্দেশ অনুসরণ করতে হবে;

খ. অর্থ ব্যয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করতে হবে ;

গ. এ ব্যয় ২০২৪-২৫ অর্থবছরে সংশ্লিষ্ট বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না ;

ঘ. অব্যয়িত অর্থ ক্রয় কার্যক্রম সমাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে যথানিয়মে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করে বোর্ডকে অবহিত করতে হবে;

ঙ. বিধি মোতাবেক কম্পিউটার ও আনুষঙ্গিক খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা ক্রয়কার্য সম্পাদন করে এ সংক্রান্ত তথ্য জেলা প্রশাসকের কার্যালয়ের সম্পত্তি রেজিস্টারভুক্ত করতে হবে; এবং

চ. সংশ্লিষ্ট দপ্তরকে আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ খরচ করত প্রকৃত ব্যয় বিবরণীসহ নিম্নোক্ত তথ্যছক পূরণপূর্বক আবশ্যিকভাবে ভূমি সংস্কার বোর্ডে প্রেরণ করতে হবে।

কম্পিউটার ও আনুষঙ্গিক খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের তথ্যছক

| অফিসের নাম | বরাদ্দের পরিমাণ | ব্যান্ডের নাম ও একক মূল্য | | | | প্রকৃত ব্যয় | ক্রয় পদ্ধতি | রেজিস্টারভুক্তির তথ্য (ষ্ট্যা/না) | মন্তব্য |
|------------|-----------------|---------------------------|-------|-----------|-----------|--------------|--------------|-----------------------------------|---------|
| | | ডেক্সটপ | মনিটর | প্রিন্টার | স্ক্যানার | | | | |
| | | | | | | | | | |

সংযুক্তিঃ স্পেসিফিকেশন ০৮ (আট) ফর্দ।



০৩-০৬-২০২৫
সাবরিনা সুলতানা
সহকারী ভূমি সংস্কার কমিশনার
০২৪১০১০৪৫৫
alrc4@lrb.gov.bd

জেলা প্রশাসক
চাঁদপুর।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২০.০০৭৭.২১.১৯০/১ (৬)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৩। উপ-ভূমি সংস্কার কমিশনার, চট্টগ্রাম।
- ৪। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চাঁদপুর।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



০৩-০৬-২০২৫
সাবরিনা সুলতানা
সহকারী ভূমি সংস্কার কমিশনার